

## খুচরো কথা - ১৯

নন্দিনী হোসেন

আজকের খুচরো কথা কোথা থেকে শুরু করব ঠিক বুঝতে পারছি না। কারণ আজকের লেখাটা সম্পূর্ণই কিছু ব্যক্তিগত বিষয়ের প্রেক্ষিতে - তাই ঘুরে ফিরে নিজের কথাই আসবে, আশা করি পাঠক তাতে বিরক্ত বোধ করবেন না। সম্প্রতি আমার একটি লেখা 'পুরুষ রচিত ধর্মে বিকলাংগ নারী' প্রকাশিত হয়েছে মুক্তমনায় ([www.mukto-mona.com](http://www.mukto-mona.com))। তারপর সচলায়তনে। মুক্তমনা থেকে লেখাটির একটি লিঙ্ক সাতরং এও রাখা হয়েছে। যাই হোক। লেখাটি নিয়ে প্রচুর আলোচনা হয়েছে, এখন ও হচ্ছে। ব্যক্তিগত মেইল এ আমি নিজেও অনেক মেইল পেয়েছি - যা ব্যক্তিগত বিষয় সাতরং এ ছাপানো হয়নি। তাছাড়া এই লেখাটি অন্তর্ পাবলিশ করার জন্য ও আমার অনুমতি চেয়ে ই-মেইল এসেছে।

এসব উল্লেখ করার আসলে একটা-ই কারণ, আর তা হচ্ছে লেখাটি চিন্তাশীল মানুষের ভাবনার খোরাক জুগিয়েছে নিঃসন্দেহে। তাঁরা আমার সব কথার সাথে সবাই যে এক-মত হয়েছেন তা হয়ত নয় - তারপর ও নানা দিক থেকে লেখার বিষয়বস্তু নিয়ে মত প্রকাশ করেছেন যুক্তিসঙ্গত ভাবে। যা যে কোন আলোচনাকে ইতিবাচক পরিণতি দেয়। যাইহোক। তাদের সবার প্রতি আমি কৃতজ্ঞ। কারণ লেখাটি যখন লিখি - তখন মনে হয়নি, এই লেখাটি এতোটা পজেটিভলি নেবে পাঠক। যে কোন কাজের ভালো মন্দ আলোচনা - সমালোচনা হলে কাজে উৎসাহ বাড়ে। শত কষ্টের মাঝেও অনুপ্রেরণা হিসেবে কাজ করে। সমালোচনা অথবা ভিন্নমত যে কেউ করতেই পারে। এটা খুবই স্বাভাবিক - কিন্তু লেখার সমালোচনা বা ভিন্নমত প্রকাশের বদলে ব্যক্তিকে আক্রমণ করার উদ্দেশ্য নিয়ে কেউ যদি লিখে, সে লেখা কেমন হতে পারে তা সদালাপে প্রকাশিত জনাব রায়হানের 'তিনিও একাধিক স্বামী চান' (লেখার আসল শিরোনাম ভিতরের পাতায় স্বল্পজল করছে) এই লেখাটি পড়লেই বুঝতে পারবেন। কোন সুস্থ চিন্তার মানুষ এমন একটি লেখা লিখতে পারে বলে আমার ধারণায় ছিল না। রায়হান সাহেব লেখাটি মনে হচ্ছে হিতাহিত জ্ঞান শূন্য হয়ে লিখেছেন। এরকম একটা লেখা ছাপানোর আগে সম্পাদক সাহেবের খানিকটা বোধ হয় ভাবা উচিত ছিল। এটা মত প্রকাশের স্বাধীনতার বিষয় না। বিষয়টা হচ্ছে নীতিবোধের। সদালাপ সম্পাদক আমান উল্লাহ সাহেব কে শুধু একটা প্রশ্নই করতে চাই - আমার লেখা পড়ে (এরকম একটা শিরোনাম অনুমোদন করার আগে অবশ্যই পড়ে নেয়া উচিত) কি আপনার মনে হয়েছে রায়হান সাহেবের লেখার শিরোনাম টি যথার্থ হয়েছে? আর যদি পাঠক টানার জন্য এরকম শিরোনাম নির্ধারণ করে থাকেন সেটা অবশ্য যার যার রুচির ব্যাপার - তাতে আমার কিছু বলার নেই। রায়হান সাহেবের লেখার বিষয়-বস্তু নিয়ে কিছু লিখতে যাওয়াও সময়ের অপচয়। এত সময় আমার হাতে নেই।

রায়হানের কাছে শুধু দু'এক টি বিষয় জানতে চাইছি - আপনি কোথা থেকে এ তথ্য পেলেন আমার মা বাবার মধ্যে সমস্যা ছিল? আমার মা বাবা দুই ধর্মের!? কারো ব্যক্তিগত ব্যাপার নিয়ে লিখতে গেলে ভালোভাবে জেনে বুঝে লিখাই কি ভালো না? মনগড়া যা ইচ্ছা লিখলেই হল? এতে কি আপনি পাঠক-কে বিভ্রান্ত করেননি?

আর আরেকটা কথা – হাদিস, কোরানের রেফারেন্স টেনে আগে কিছু লিখিনি বলে কখনও কিছু-ই লিখব না, বা লিখতে পারবনা এটা আপনাকে কে বললো? আমার বেশীরভাগ লেখার বিষয়-ই হচ্ছে ‘নারীর সমঅধিকার’ নিয়ে – তাতে অবধারিতভাবেই ধর্মের কথা এসে যায়, যাবে । একজন নারীর দৃষ্টিতে আমি ধর্মকে দেখার চেষ্টা করেছিমাত্র ।

আপনার জন্য আরেকটা তথ্য – আমি হঠাৎ করে ধর্ম নিয়ে লিখা শুরু করেছি না জেনে না বোঝে তা নয় – রাজ্যের সব ইন্টারনেট সাইট ঘাটিনা ধর্ম শেখার জন্য, আর ইউটিউব খুলে জাকির নায়েকদের সারমন শনার তো প্রশ্নই উঠেনা । সাহিত্য নিয়ে পড়াশুনা শুরু করে মারপথে বাদ দিয়ে বিষয় হিসেবে বেছে নেই ‘ধর্ম’ – (Religion in History). ভবিষ্যতে, সময় – সুযোগ পেলে এই সব বিষয় নিয়ে লেখার ইচ্ছা আছে ! আপনার মনগড়া ধারণা যে ভুল আশা করি এবার তা বোঝতে পারছেন ।

যাহোক । আমার লেখা এবং এর প্রেক্ষিতে জনাব রায়হানের বিশাল রচনা পড়ে সেতারা হাশেম ‘গণতন্ত্রের সন্ধান’ নামক যে লেখাটি লিখেছেন সদালাপে – সেটা পড়ে, আমার শুধু একটা ছবি-ই চোখে ভেসে উঠেছে, আর তা হল বায়তুল মোকাররমের খতিব গংদের সাথে অতিবাম বিপ্লবীদের এক কাতারে নেমে মিছিলের দৃশ্য ! সেতারা হাশেমকে আমার আসলে বলার কিছুই নেই – শুধু একটা কথা-ই বলতে পারি আমাদের দিকে আগুল না তুলে নিজের ভূমিকাটা একবার ঠান্ডা মাথায় চিন্তা করে দেখুন – কাদের পথকে সুগম করছেন আপনি – নিজেই আশা করি বোঝতে পারবেন । আপনার কথানুযায়ী ‘শিষ্টাচার শিখানোর স্কুল’ খুলে বসিনি – তবে জেনে বোঝে যা সত্যি মনে করি তা গোপন করে ‘সব ঠিক আছে’ বলতে ও পারিনা । নিজে বোঝব একটা – মুখে বলব অন্যকিছু, তাতে নিজেকে হিপোক্রেট মনে হয় ।

অবশেষে বলতে হচ্ছে – রায়হান সাহেবের লেখা পড়ে মনে হওয়া স্বাভাবিক তিনি নাংগা তলোয়ার হাতে নিজের ‘ধর্ম’ রক্ষায় কাচা বেঁধে জঙ্গের ময়দানে নেমেছেন ! এরকম কি হয় ? মানুষ কিন্তু জাগছে – জেগে উঠছে । উঠবেই । উঠতেই হবে .....

কল্যাণ হোক সকলের ।

02/06/08

[nondinihussain@gmail.com](mailto:nondinihussain@gmail.com)

